

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১০৭.২০.০০১৬.২৫.২৮৬

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট (পরিচালন) আলোচনা সভার প্রস্তুতির লক্ষ্যে তথ্যাদি প্রেরণ
সূত্র: অর্থ বিভাগের পত্র নং-০৭.১০১.০২০.০০.০০.০১২.২০২৫.২৫৫ ; তারিখ : ১১.১১.২০২৫ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২৬ অর্থবছরের সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের সংশোধিত বাজেট আলোচনা সভার সময়সূচি প্রেরণ করা হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং অধীন দপ্তরসমূহের সভাটি, অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট ও সামষ্টিক অর্থনীতি) মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৪/১১/২০২৫ তারিখ সকাল ৯:৩০ টায় অনুষ্ঠিত হবে। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীনস্থ দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে নিম্নোক্ত তথ্যাদিসহ সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে:

- প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তার প্রতিনিয়ন্ত্রিত/প্রতিপাদিত হালনাগাদ প্রকৃত প্রাপ্তি (verified up-to-date Receipt) এবং প্রকৃত ব্যয়ের (verified up-to-date Expenditure) বিবরণী;
- মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার অনুমোদিত সাংগঠনিক কাঠামো (TO&E);
- পি.আর.এল-এ যাবেন এমন কর্মকর্তা ও কর্মচারীর সঠিক সংখ্যা এবং এর জন্য প্রয়োজনীয় অর্থের হিসাব;
- বিদ্যুৎ, গ্যাস, পানি ও টেলিফোন খাতসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থের বিপরীতে কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে এবং বিল পরিশোধের বিবরণী;
- ভূমি উন্নয়ন কর বাবদ বরাদ্দকৃত অর্থের মধ্যে কী পরিমাণ অর্থ ব্যয় হয়েছে এবং এ সংক্রান্ত কাগজপত্র;
- পেট্রোল, ডিজেল ও সিএনজি চালিত যানবাহন ও অন্যান্য সরঞ্জামাদি (ট্রাক্টর, সিমেন ক্যারিয়ার ইত্যাদি) এর সংখ্যা পৃথকভাবে উল্লেখপূর্বক পেট্রোল ও লুব্রিকেন্ট খাতে প্রস্তাবিত বরাদ্দের পক্ষে যৌক্তিকতা সম্বলিত তথ্যাদি/কাগজপত্র;
- শ্রান্তি বিনোদন ছুটিতে যাবেন এরূপ কর্মকর্তা ও কর্মচারীর পূর্ণাঙ্গ তালিকা; এবং
- রাজস্ব বাজেটের আওতাধীন কর্মসূচি, তহবিল এবং ক্ষুদ্রঋণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত হালনাগাদ বিবরণী।

এমতাবস্থায়, ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট (পরিচালন) আলোচনা সভার প্রস্তুতির লক্ষ্যে উল্লিখিত তথ্যাদি আগামী ২০/১১/২০২৫ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের বাজেট শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) 255


১৭-১১-২০২৫
রুবাইয়াৎ ফেরদৌসী
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর।

- ৩। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৪। মহাপরিচালক (সা.দা.), মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
- ৫। মহাপরিচালক (সা. দা.), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
- ৬। অধ্যক্ষ, অধ্যক্ষ এর দপ্তর, মেরিন ফিশারিজ একাডেমি।
- ৭। উপসচিব, মৎস্য-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৮। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর।
- ৯। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিডিও), হিসাব শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১০৭.২০.০০১৬.২৫.২৮৬/১(৪)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৪। অফিস কপি/মাস্টার কপি, ।



১৭-১১-২০২৫
রুবাইয়াৎ ফেরদৌসী
সিনিয়র সহকারী সচিব